# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 AUGUST | No 07


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৩৭: ১-৮

১। যারা দুষ্ট তাদের দিকে তাকিয়ে বিচলিত হোয়ো না, যারা মন্দ কাজ করে তাদের দেখে ঈর্ষা কোরো না;

২। কারণ ঘাসের মতো তারা অচিরে শুকিয়ে যাবে, সবুজ লতার মতো তারা অচিরে বিনষ্ট হবে।

৩। সদাপ্রভুতে আস্থা রাখো আর সদাচরণ করো, এই দেশে বাস করো আর নিরাপদ আশ্রয় উপভোগ করো।

৪। সদাপ্রভুতে আনন্দ করো, তিনিই তোমার মনের অভিলাষ পূর্ণ করবেন।

৫। তোমার চলার পথ সদাপ্রভুতে সমর্পণ করো; তাঁর উপর নির্ভর করো আর তিনি এসব করবেন;

৬। তোমার ধার্মিকতার পুরস্কার প্রত্যুষের মতো, আর তোমার সততা মধ্যাহ্ন সূর্যের মতো উজ্জ্বল করবেন।

৭। সদাপ্রভুর সামনে নীরব হও,ধৈর্য ধরে তাঁর প্রতীক্ষায় থাকো; যখন দুষ্ট ব্যক্তিরা তাদের জীবনে সফল হয়,যখন তারা তাদের মন্দ পরিকল্পনা কার্যকরী করে, তখন বিচলিত হোয়ো না।

৮। রাগ থেকে দূরে থাকো আর ক্রোধ থেকে মুখ ফেরাও;বিচলিত হয়ো না, তা কেবল মন্দের দিকে নিয়ে যায়।

## ফল বহন করার স্বাধীনতা

**(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)**



প্রিয় তাঁর আহ্বানের প্রতিধ্বনির বর্ধিত পরিবার,

আমাদের দেশের ৭৫তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আপনাদের উষ্ণ শুভেচ্ছা জানাই!

আজ, আমরা কৃতজ্ঞতার সঙ্গে সেই সমস্ত শহীদের স্মরণ করি এবং সম্মান জানাই যাঁরা নিঃস্বার্থভাবে তাদের জীবন উৎসর্গ করেছিলেন যাতে আমরা স্বাধীনতার আশীর্বাদগুলি উপভোগ করতে পারি। আমি যখন গভীরভাবে এই বিষয়টি নিয়ে চিন্তা করছিলাম,তখন আমার এর থেকেও অনেক বৃহত্তর স্বাধীনতার বিষয় মনে পড়েছিল- সেই স্বাধীনতা যা আমাদের নিরাপত্তাকে সুনিশ্চিত করার জন্য যীশু লড়াই করেছিলেন।

পবিত্র শাস্ত্র শিক্ষা দেয় যে **আমরা একসময় পাপের দাস ছিলাম** (রোমীয় ৬:২০)। প্রেরিত পৌল রোমীয় ৭:২৪ পদে মর্মস্পর্শীভাবে এই বিষয়টি প্রকাশ করেছেন: **কী দুর্ভাগ্যপূর্ণ মানুষ আমি! মৃত্যুর এই শরীর থেকে কে আমাকে নিস্তার করবে?** এটি কেবল পৌলের অবস্থা ছিল না- এটি সমগ্র মানবজাতির অবস্থা ছিল। আমরা আশাহীন ছিলাম,আমরা উদ্ধারবিহীন ছিলাম।

কিন্তু যীশু খ্রীষ্ট আমাদের পৃথিবীতে প্রবেশ করেছিলেন, কালভেরীর ক্রুশে তাঁর জীবন দিয়েছিলেন,

*(ক্রমশঃ, ৩পাতায়)*




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

*from your dearly beloved brother...*



REACHING NATIONS



57th Year



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"সদাপ্রভু আমার পালক আমার অভাব হইবে না"**
**(গীত ২৩:১)।**

# পরিচর্যার ৫৭তম বর্ষে প্রবেশ !

খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে প্রশংসা হোক!

ঈশ্বরের অনুগ্রহের দ্বারা, আমি মাত্র ৭ বছর বয়েসে তাঁর পরিচর্যা কাজে সেবা করার ইচ্ছা লাভ করেছিলাম।

যেমন লেখা আছে,

**কারণ ঈশ্বর তাঁর শুভ-সংকল্পের জন্য তোমাদের অন্তরে ইচ্ছা উৎপন্ন ও কাজ করার জন্য সক্রিয় আছেন।** ফিলিপীয় ২:১৩

দক্ষিণ ভারতীয় মণ্ডলীর নেউরে অবস্থিত নেল্লারাইকোনামে আমার স্থানীয় মণ্ডলীতে আমার মধ্যে প্রথম এই স্বর্গীয় আহ্বানের মূল প্রোথিত হয়েছিল। সেই সময় থেকে, ঈশ্বর বিশ্বস্তভাবে আমাকে জগতের ভ্রষ্ট প্রভাব থেকে সংরক্ষিত করেছিলেন এবং তাঁর পরিচারক হিসাবে আমাকে গঠন করেছিলেন এবং প্রশিক্ষিত করেছিলেন। আমার সারা জীবনে ঈশ্বরের প্রেম আমার কাছে পর্যাপ্ত থেকেও অধিক থেকেছে। আমার নিজের খুশি মতো আমার জীবনকে গঠন করার পরিবর্তে, তিনি ভালোবেসে আমাকে সংশোধন এবং শাসন করেছিলেন, তিনি আমাকে তাঁর পুত্র এবং তাঁর পরিচারক উভয় রূপে গঠন করছিলেন।

**কষ্ট-দুর্দশাকে শাসন বলে সহ্য করো; ঈশ্বর তোমাদের সঙ্গে সন্তানের মতো আচরণ করেন। কারণ এমন পুত্র কেউ আছে, যাকে পিতা শাসন করেন না?** ইব্রীয় ১২:৭

এই যাত্রা সহজ হয়নি। আমি যে পথে হাঁটছিলাম তা ক্লেশ এবং দুর্দশায় পরিপূর্ণ ছিল যা মানুষের শক্তির উর্দ্ধে। তথাপি, আমার তাঁর কোলে বসার আশীর্ব্বাদপূর্ণ সুযোগ হয়েছিল, এবং একটা সময়, জীবনের সবচেয়ে কঠিন অবস্থায় তিনি আমাকে কাঁধে বহন করেছিলেন। আমার অন্তরে কোনও সন্দেহ নেই — ঈশ্বর মঙ্গলময়। তাঁর শাসন এবং তাঁর যষ্ঠী আমাকে অবিরত সান্ত্বনা দিয়েছে।

আমার ৫৬ বছরের পরিচর্যাকারী জীবনে, সদাপ্রভু আমাকে অগণিত স্মরণীয় এবং অর্থপূর্ণ অভিজ্ঞতা দিয়েছেন। তাঁর অপরিমেয় অনুগ্রহে, আমি ২০২৫ সালের ১০ই আগস্টে সুস্থ শারীরিক এবং আত্মিক স্বাস্থ্য এবং উত্তম সাক্ষ্যসহ ৫৭ বছরে পদার্পণ করেছি।

আমি প্রথম শতাব্দির মণ্ডলীর লঘু না করা প্রৈরিতীক মতবাদ থেকে বর্তমান প্রজন্মের প্রচারের নীতি অনুসরণ করে আসছি।

আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি কোনও অতিরঞ্জন ছাড়া এবং হঠাৎ অর্থনৈতিক অথবা আর্থিক সম্প্রসারণ ছাড়া কাজ চালিয়ে আসছে। আমরা ঈশ্বরের অনুগ্রহে আমাদের দর্শন এবং আহ্বানের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থেকেছি।

কেবল তিনি গৌরবান্বিত হন!


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ YouTube Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

## আমাদের বর্তমান পরিচর্যাগুলি !

১। চব্বিশ ঘণ্টা প্রার্থনার সাহায্য।
২। মণ্ডলী স্থাপন
৩। তাঁর আহ্বানের প্রতিধ্বনি—১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা
৪। বাইবেলকোর — ৩টি ভাষায় ডাকমারফৎ প্রদত্ত প্রাথমিক বাইবেল পাঠক্রম
৫। ডাকমারফৎ ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম — ২টি ভাষায় প্রদত্ত
৬। নহিমিয় বাইবেল কলেজগুলি—চীপক, সন্তোষপুরম, এবং ভেলাচেরীতে আবাসিক ক্যাম্পাসগুলি।
৭। গসপেল প্রিন্টিং প্রেস।
৮। সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল — একটি গ্রামীন ভিত্তিক উচ্চ বিদ্যালয়।
৯। বিভিন্ন সেমিনার।
১০। সুসমাচার সভাগুলি।
১১। তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব মিনিস্ট্রিজ
১২। সামাজিক বর্হিপ্রচার এবং সেবা।

আমি প্রভুর জন্য বৃহত্তর কাজ করার জন্য এবং অধ্যবসায়ের সঙ্গে পরিশ্রম করার জন্য প্রতিনিয়ত প্রার্থনা করে যেতাম, আমার এটাই সঙ্কল্প ছিল যে আমি যেন " যে কোনও উপায়ে কয়েক জন ব্যক্তিকে রক্ষা করতে পারি" (১ করিন্থীয় ৯:২২), এবং "প্রভুর জন্য লোকদের প্রস্তুত করার উদ্দেশে তাদের তৈরী করতে পারি" (লূক ১:১৭)।

যদিও এই যাত্রার মধ্যে ব্যর্থতা, ক্লেশ, কষ্টভোগ, দুর্বলতা, ভুলভ্রান্তি এবং নিঃসঙ্গ হওয়ার মুহূর্তগুলো অন্তর্ভুক্ত, তথাপি আমি প্রতি নিয়ত ঈশ্বরের পরাক্রমী হস্তের কাজের দ্বারা শক্তি প্রাপ্ত হয়েছিলাম। প্রত্যেকটি চ্যালেঞ্জের মধ্যে, কেবল তিনি আমার পথপ্রদর্শক, জোগানদাতা, বিশ্বস্ত বন্ধু ,এবং অপরিবর্তনীয় রক্ষাকারী থেকেছিলেন। যারা আনন্দে এবং যন্ত্রণার মধ্যে আমার সঙ্গে দাঁড়িয়েছেন তাদের সকলকে—ঈশ্বর সমস্ত উত্তম উপহারে প্রচুর রূপে আশীর্বাদ করুন। আমি আন্তরিকভাবে প্রার্থনা করি যাতে প্রভু তাঁর গৌরবময় মিশনের জন্য আরও অধিক সহকর্মীদের

এবং সাহায্যকারীদের গড়ে তোলেন।

**"যখন অন্ধকার আমাকে চারিদিক দিয়ে ঘিরে ধরে, তখন**
**হে প্রভু, তুমি আমার সঙ্গে থাকো!**
**আমি যখন অনাথের মতো চারিদিকে ঘুরে বেড়াই —**
**তখন তুমি আমাকে সাগ্রহে গ্রহণ করো!"**

**১। যখন আমি প্রান্তরে হাঁটি,তুমি আমাকে সুরক্ষা করবে! পথ কঠিন এবং অমসৃণ হলেও, তুমি আমাকে তোমার অনুগ্রহ সহ সান্ত্বনা দেবে!**

**২। মারার জল মিষ্ট হবে— আমার অপরিবর্তনীয় প্রিয়তম আমার নিজের হয়েছে, যীশু! যীশু! তুমি তোমার পরাক্রমী বাহুতে তুমি গরীবদের তুলে ধরবে।**

**৩। আমার দুই পা যখন পিছলিয়ে যাবে, তোমার অনুগ্রহ আমাকে ধরে নেবে। তুমি আমার শৃঙ্গ অভিষিক্ত করবে এবং আমাকে তুলে ধরবে।**

ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সকলের সহবর্তী হোক, আমেন!

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
E.mail : sam@echoofhiscall.org

*(ক্রমশঃ, ১ পাতার পর)*

এবং তৃতীয় দিনে তিনি বিজয়ীরূপে পুনরায় উঠেছিলেন। তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের মাধ্যমে,তিনি পাপ,অভিশাপ, এবং মৃত্যুর উপর বিজয়ী হয়েছিলেন-সাহসের সঙ্গে ঘোষণা করেছিলেন," **মৃত্যু, তোমার হুল কোথায়?**" তিনি নিখুঁত বলিতে পরিণত হয়েছিলেন, আমাদের প্রকৃত এবং অনন্তকালীন স্বাধীনতা দিয়েছেন।

এটাই সত্য এবং যীশু খ্রীষ্ট বলেছিলেন, "**আমিই পথ ও সত্য ও জীবন...**" (যোহন ১৪:৬)। তিনি আরও ঘোষণা করেছিলেন, "**... তোমরা সত্যকে জানবে, আর সেই সত্য তোমাদের মুক্ত করবে**" (যোহন ৮:৩২)। সত্য স্বয়ং যীশু খ্রীষ্ট।

এখন আমরা যখন সেই গৌরবময় স্বাধীনতা পেয়েছি, তখন আমরা এটা নিয়ে কী করবো?

যীশু খ্রীষ্ট যোহন ১৫:১৬ পদে এর উত্তর দিয়েছেন:

**"তোমরা আমাকে মনোনীত করোনি, আমিই তোমাদের মনোনীত করেছি এবং ফলবান হওয়ার জন্য নিযুক্ত করেছি — সেই ফল যেন স্থায়ী হয়...।"**

তাঁর গৌরবের জন্য স্থায়ী ফল বহন করার উদ্দেশে আসুন আমরা যীশু খ্রীষ্টে আমাদের স্বাধীনতা ব্যবহার করি।

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India
Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org

সেই কারণে, আমরা বুঝতে পারি যে যীশু খ্রীষ্ট আমাদের স্বাধীনতা দিয়েছেন;যাইহোক, তিনি প্রত্যাশা করেন আমরা যেন এই স্বাধীনতার মাধ্যমে ফল বহন করি।

## ১। তাঁর সঙ্গে সংযুক্ত থাকা

আমাদের ফল বহন করার একমাত্র উপায় হচ্ছে তাঁর সঙ্গে সংযুক্ত থাকা। বাইবেল শিক্ষা দেয়:


**"...যে আমার মধ্যে থাকে এবং আমি যার মধ্যে থাকি সে প্রচুর ফলে ফলবান হবে; আমাকে ছাড়া তোমরা কিছুই করতে পারো না"** (যোহন ১৫:৫)।

এটি স্পষ্ট করে যে তিনি আমাদের ফলপ্রসূ জীবনের জন্য আহ্বান করেন।

**ফলপ্রসূতা:**

আমরা যখন তাঁর মধ্যে থাকি, তখন আমরা ফলপ্রসূ হই!

এইনকশাটি একটি পিরামিডের প্রতিনিধিত্ব করে যা ফলের উদ্দেশে সংযোগের অগ্রগতি ব্যাখ্যা করে।




*Apart from me you can do nothing (john 15:5). This stark declaration reminds us that branches survive only by remaining connected to their source.*

### (ক) সংযোগ!

সংযোগ খ্রীষ্টের সঙ্গে আমাদের ভিত্তিমূলক সম্পর্ককে বুঝায়। এটি খ্রীষ্টের সঙ্গে একটি সাময়িক সম্পর্ক নয়, কিন্তু একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্পর্ক, জীবন-দানকারী সংযুক্তি। যীশু খ্রীষ্ট বিষয়টিকে তাঁর মধ্যে থাকার পরিভাষায় বর্ণনা করেছেন যা স্থায়ীত্ব, ঘনিষ্ঠতা এবং চলমান নির্ভরতা বুঝায়।

### খ) পুষ্টিসাধক খাদ্য!

পুষ্টিসাধক খাদ্য, দ্বিতীয় স্তরটি ব্যাখ্যা করে এই সংযোগের মধ্যে দিয়ে কী প্রবাহিত হয়। ঠিক যেভাবে শাখাগুলি রস, পুষ্টিসাধক খাদ্য, এবং জল দ্রাক্ষালতা থেকে গ্রহণ করে, আমরাও যীশু খ্রীষ্টের কাছ থেকে আত্মিক সম্পদগুলি লাভ করি-তাঁর জ্ঞান,শক্তি, প্রেম এবং অনুগ্রহ। এই পুষ্টি স্বয়ংক্রিয় নয়; এর জন্য আমাদের পক্ষ থেকে সক্রিয় গ্রহণযোগ্যতার প্রয়োজন।

### গ) প্রচুর ফল!

সর্বোপরি, প্রচুর ফল এই সংযোগের স্বাভাবিক ফলশ্রুতির প্রতিনিধিত্ব করে। ফল আমাদের আন্তরিক প্রচেষ্টা অথবা মানবিক উদ্যোগের ফল নয় কিন্তু এটি খ্রীষ্টের সঙ্গে আমাদের আঙ্গিকভাবে সুস্থ সংযোগে প্রবাহিত হয়। এই ফলের সঙ্গে চারিত্রিক রূপান্তরণ (গালাতীয় ৫:২২-২৩) এবং প্রভাবপূর্ণ পরিচর্যা অন্তর্ভুক্ত।

সেই কারণে, ফল উৎপন্ন করার জন্য আমাদের অবশ্যই ঈশ্বরের সঙ্গে যুক্ত থাকতে হবে। কিন্তু কেবল সংযুক্ত থাকা অপেক্ষা অধিক বিষয় হচ্ছে, ত্রাণকর্তার উপর আমাদের সম্পূর্ণ নির্ভরতা যা যোহন ১৫:৫ পদে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। যীশু খ্রীষ্ট বলেননি, "আমাকে ছাড়া, তোমরা কিছু কিছু কাজ করতে পারবে" অথবা " তোমরা কম কার্যকরী হবে।" তিনি বলেছেন, "কিছুই করতে পারবে না।" এটি আত্মিক মূল্যযুক্ত যে কোনও কিছু উৎপন্ন করার জন্য আমাদের মধ্যে দিয়ে প্রবাহিত তাঁর জীবনের উপর সম্পূর্ণ আস্থার উপর গুরুত্ব দেয়।

## ২। কীভাবে আমরা অবিরত খ্রীষ্টের সঙ্গে থাকতে পারি?

খ্রীষ্টের মধ্যে থাকতে সাহায্য করার জন্য চারটি গুরুত্বপূর্ণ উপাদান আছে।

### (ক) বাক্য!

বাইবেল পাঠ কেবলমাত্র একটি বুদ্ধিগত অনুশীলন নয়— এটি আত্মিক পুষ্টি। আমরা যত অধিক ঈশ্বরের বাক্য পাঠ করবো এবং ধ্যান করবো, তত অধিক আমরা তাঁর মতো হবো।

**"আমি তোমার বাক্য আমার হৃদয়ে লুকিয়ে রেখেছি যেন আমি তোমার বিরুদ্ধে পাপ না করি।"** - গীত ১১৯:১১।

ঈশ্বরের বাক্য আলো হিসাবে কাজ করে, কেবল আমাদের নিজেদের জন্য নয়, কিন্তু প্রেম ও সত্যে অন্যদের সঙ্গে আমাদের সঠিক পথে চালনা করে।

**"তোমাদের অন্তরে খ্রীষ্টের বাক্য প্রচুর পরিমাণে অবস্থিতি করুক; তোমরা সমস্ত বিজ্ঞতায় বিভূষিত হয়ে পরস্পরকে শিক্ষাদান ও সচেতন করো এবং গীত, স্তোত্র ও আত্মিক সংকীর্তনে মুখর হয়ে ঈশ্বরের প্রতি তোমাদের হৃদয়ের কৃতজ্ঞতায় তা করো"** (কলসীয় ৩:১৬)।

শাস্ত্রীয় বাক্য ধ্যান করার বিষয়টি এটি পাঠ করার মতোই অপরিহার্য। এটি এলোমেলোভাবে নয়;এটি অবশ্যই উদ্দেশ্যপূর্ণ এবং নিয়মবদ্ধভাবে করতে হবে। কেবল তখনই বাক্য আমাদের মনকে নবায়িত করতে পারবে এবং আমাদের অন্তর ঈশ্বরের হৃদয়ের সঙ্গে সারিবদ্ধ হতে পারবে।

### (খ) প্রার্থনা!

প্রার্থনা হচ্ছে ঈশ্বরের সঙ্গে দুই-দিকে সংযোগ-এটি কেবল অনুরোধের একটি তালিকা নয়। প্রায়ই, আমরা এটিকে একটি কেনাকাটার তালিকা হিসাবে ব্যবহার করি। কিন্তু প্রকৃত প্রার্থনা হচ্ছে আমাদের প্রস্তুতকর্তার সঙ্গে অবিরত যোগাযোগ।

**"অবিরত প্রার্থনা কোরো"** (১ থিষলনীকীয় ৫:১৭)।

কীভাবে আমরা অবিরত প্রার্থনা করতে পারি? সারাদিন ঈশ্বরের সঙ্গে কথা বলার মাধ্যমে—গাড়ি চালাতে চালাতে, হাঁটতে হাঁটতে, রান্না করতে করতে, অথবা পরিষ্কার করতে করতে, তাঁর সঙ্গে আপনার জীবনের সমস্ত খুটিনাটি বিষয়গুলি আপনি সহভাগিতা করতে পারেন।

### (গ) বাধ্যতা!

তৃতীয় বিষয়টি হচ্ছে বাধ্যতা। যোহন ১৫:১০ পদে, যীশু খ্রীষ্ট বাধ্যতা এবং তাঁর মধ্যে থাকার বিষয় দুটির মধ্যে সংযোগ প্রকাশ করেছেন। বাধ্যতা একটি বোঝাস্বরূপ কর্তব্য নয় অথবা একটি বৈধতামূলক অবশ্য প্রয়োজনীয় বিষয় নয়। বরং, এটি ঈশ্বরের প্রতি একটি ভালোবাসার-অভিপ্রায় যুক্ত সাড়াদান।

**"তোমরা যদি আমাকে ভালোবেসে থাকো, তাহলে আমার আদেশগুলি পালন করবে"** (যোহন ১৪:১৫)।

### (ঘ) সহভাগিতা!

ইব্রীয় ১০:২৪-২৫ পদে একসাথে মিলিত হওয়ার গুরুত্বের বিষয়টির উপর আলোকপাত করা হয়েছে। সম্প্রতি, অনেকেই "ইউটিউব চার্চগুলিতেই" যোগদান করতে বেশি পছন্দ করে। যখন অনলাইন উৎসগুলি আত্মিক বৃদ্ধিতে সম্পূরক হতে পারে, এগুলো কখনও ব্যক্তিগত সমাবেশের গুরুত্বকে স্থানান্তরিত করতে পারে না। এটি ঈশ্বরের একটি স্পষ্ট আদেশ।

খ্রীষ্টিয় সমাজ দায়বদ্ধতা,উৎসাহ, এবং জ্ঞানের-উপাদানগুলির সহভাগিতা প্রদান করে যা আমাদের খ্রীষ্টে ব্যক্তিগত চলার বিষয়টিকে শক্তিশালী করে।

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে আগস্ট থেকে ১৮ই সেপ্টেম্বর, ২০২৫)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

### প্রশংসার বিষয়সমূহ

**আগস্ট ১৯ :** আমাদের প্রধান মণ্ডলীতে ইয়ূথ ফেলোশিপের ছেলে মেয়েদের উপর তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ২০:** ২০২৫ সালের ১লা জুলাই সন্তোষপুরমে নহিমিয় বাইবেল কলেজ পুনরায় শুরু করতে সক্ষম করার জন্য।

**দিন ২১:** ২০২৫ সালের ১০ই আগস্ট আমাদের ৫৬ বর্ষপূর্তি অনুষ্ঠানটিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২২:** ঈশ্বর আমাদের নিবেদিত প্রাণ কর্মী দিয়েছেন যারা একতা এবং প্রতিশ্রুতিবদ্ধতার সঙ্গে সেবা কাজে নিয়োজিত আছেন।

**দিন ২৩:** সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, কর্মী এবং শিক্ষার্থীদের আশীর্বাদের জন্য।

**দিন ২৪:** আমাদের বিশ্বস্ত অংশীদারদের দেওয়ার জন্য যারা আমাদের নৈতিকভাবে এবং আর্থিকভাবে সাহায্য করেন।

**দিন ২৫:** আমাদের সমস্ত কর্মী সদস্যদের এবং তাদের পরিবারগুলিকে সুরক্ষা করার জন্য।

**দিন ২৬:** সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের নতুন ভর্তির জন্য।

**দিন ২৭:** আমাদের সমর্থকদের আশীর্বাদের জন্য।

**দিন ২৮:** আমাদের বরিষ্ঠ পালক এবং তাঁর পরিবারের উপর স্বর্গীয় তত্ত্বাবধানের জন্য।

**দিন ২৯:** আমাদের তাঁর আহবানের প্রতিধবনির সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ৩০:** আমাদের মিশনক্ষেত্রগুলিতে মিশনারীদের এবং তাদের পরিবারগুলিকে ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন ৩১:** গতমাসে ঈশ্বর আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করেছেন।

**সেপ্টেম্বর ০১:** আমাদের মণ্ডলীগুলিতে নতুন সদস্যদের যুক্ত হওয়ার জন্য।

**দিন ০২:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলিতে নতুন শিক্ষার্থীদের নাম নথিভুক্ত করণে ঈশ্বরের অনুগ্রহের জন্য।

**দিন ০৩:** আমাদের সহযোগী সম্পাদকদের সহযোগীতা এবং আত্মোৎসর্গের জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের প্রধান মণ্ডলী এবং এর শাখামণ্ডলীগুলোর **তাঁর আহ্বানের প্রতিধ্বনির** বিশ্বাসীদের এবং তাদের পরিবারগুলির মঙ্গলের জন্য।

**দিন ৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের প্রয়োজনগুলির জন্য এবং আগ্রহের বিষয়গুলির জন্য।

**দিন ৬:** আমাদের রাজ্য সমন্বয়কারীদের সভাগুলির কল্যাণের জন্য এবং তাদের মধ্যে ঐক্যের জন্য।

**দিন ৭:** মহিলা এবং শিশুদের বিরুদ্ধে সমস্ত রকমের হিংস্রকার্যকলাপ উচ্ছিন্ন করার জন্য।

**দিন ৮:** আমাদের বরিষ্ঠ পালক রেভা. এস. স্যাম সেলভা রাজের, তাঁর বহুমুখী পরিচর্যাগুলির সমস্ত দিকগুলির জন্য নতুন দর্শন এবং অভিষেকের জন্য।

**দিন ৯:** আমাদের সমস্ত কর্মী সদস্য এবং তাদের পরিবারগুলির প্রতি তাঁর স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১০:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং এর সমস্ত কর্মীদের কর্মদক্ষতা এবং উৎকর্ষতা বৃদ্ধির জন্য।

**দিন ১১:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলিতে যারা শিক্ষা দেন এবং যারা শিক্ষার উপকরণগুলি অনুবাদ করেন সেই সমস্ত সহকর্মীদের পরিশ্রমের জন্য।

**দিন ১২:** খ্রীষ্টান প্রচারকগণ যেন বিশ্বস্তভাবে এবং সামঝোতা না করে সুসমাচার প্রচার করেন।

**দিন ১৩:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলিতে শিক্ষার্থীদের সংখ্যা যেন বৃদ্ধি পায়।

**দন ১৪:** সমস্ত দেশগুলির মধ্যে যেন ঐক্য এবং শান্তি বজায় থাকে।

**দিন ১৫:** মাতাল এবং দুষ্ট লোকেরা যেন প্রকৃত অনুতাপ এবং রূপান্তরণের অভিজ্ঞতা লাভ করে।

**দিন ১৬:** আমাদের পরিচর্যাগুলি যেন সম্প্রসারিত হয় এবং সারা বিশ্বে যেন সুসমাচার প্রচারিত হয়।

**দিন ১৭:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির নিরাপত্তা এবং কল্যাণের জন্য।

**দিন১৮:** প্রত্যেকটি পরিবারে যেন শান্তি বজায় থাকে।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

## ৩। ফল যা রয়ে গেছে = অধ্যবসায়!

যখন এই চারটি অপরিহার্য উপাদানগুলি আমাদের জীবনে সঙ্গতিপূর্ণভাবে উপস্থিত থাকে, তখন আমরা ফলবহন করার জন্য ক্ষমতা লাভ করি যা থেকে যায়।

যীশু খ্রীষ্ট তাঁর শিষ্যদের কেবল "ফল বহন করতে বলেননি"; তিনি সেই ফল বহন করতে বলেছিলেন যা টিকে থাকে — যে ফল স্থায়ী হয়, যে ফল সময়ের পরীক্ষা দৃঢ়ভাবে সহ্য করে।



এটি একটি সিকোইয়া বৃক্ষের ছবি যা প্রকৃতির একটি শক্তিশালী সহিষ্ণুতার প্রতীক। এদের মধ্যে কয়েকটি দৈত্যাকৃতি বৃক্ষ, অগণিত আগুন, ঝড়, এবং পরিবর্তিত পরিবেশের মধ্যেও ৩,০০০ বছরের অধিক সময় টিকে থাকে। এই গাছগুলো যে কোন আকারের বৃদ্ধির মধ্যে অধ্যবসায় এবং ধৈর্যের গুরুত্বের একটি উল্লেখযোগ্য স্মারক হিসাবে কাজ করে।

প্রকৃত বৃদ্ধি- তা শারীরিক , মেধাগত, অথবা সম্পর্কগত যাই হোক না কেন-তা কেবল সঙ্গতিপূর্ণ অধ্যবসায়ের মাধ্যমেই সম্ভব। ধৈর্য এবং অধ্যবসায় হচ্ছে স্থায়ী বিকাশের দুটি স্তম্ভ।

বৃদ্ধির চারটি স্তর আছে:

### (ক) প্রাথমিক স্তর!

নতুন বিশ্বাসীদের প্রায়ই "মধুচন্দ্রিমা দশার" মধ্যে দিয়ে যেতে হয়, যা লক্ষণীয় রূপান্তরণ এবং উদ্যোগের দ্বারা চিহ্নিত হয়। যীশু খ্রীষ্টের সঙ্গে তাদের প্রাথমিক সংযোগ দর্শনযোগ্য এবং আন্তরিক পরিবর্তনগুলি আনে, যদিও এই বিষয়গুলিকে সময়ের এবং ক্লেশের দ্বারা পরীক্ষিত হতে হয়।

### (খ) পরীক্ষার কাল!

বৃদ্ধির যে কোনও যাত্রার ক্ষেত্রে এটি একটি জরুরী দশা। বৃদ্ধি হওয়ার প্রাথমিক দশার পর, বৃদ্ধির গভীরতা এবং শক্তি প্রকাশের জন্য এই পরীক্ষার কালটি আসে। মথি ১৩ অধ্যায়ে, যীশু যখন বীজ বপনকারীর দৃষ্টান্তটি বলেছিলেন, তিনি ব্যাখ্যা করে দেখিয়েছিলেন কীভাবে বৃদ্ধির ফলাফল মাটির প্রকৃতির উপর নির্ভর করে যে মাটির উপর বীজ বপন করা হবে। কিছু বীজ দ্রুত অঙ্কুরিত হয় কিন্তু তাড়না এবং জীবনের দুশ্চিন্তার অধীনে শুকিয়ে যায়।

একইভাবে, সমীক্ষায় দেখা গেছে যে ক্লেশের সময় অনেক বিশ্বাসীরা পতিত হয়েছেন। মানুষের সম্পর্কের ক্ষেত্রেও একই ধরণের নমুনা পর্যবেক্ষণ করা যায়- যা প্রতিজ্ঞা দিয়ে শুরু হয় তা সময়, ক্লেশ, এবং চাপের দ্বারা পরীক্ষিত হয়।

### (গ) বিশ্বস্ততার ধারাবাহিক মঞ্চ !

এই স্তরটি পরিপক্ব শিষ্যত্বের প্রতিনিধিত্ব করে। গালাতীয় ৬:৯ পদটি আমাদের মনে করিয়ে দেয়, **ভালো কাজ করতে আমরা যেন ক্লান্তবোধ না করি, কারণ নিরাশ হয়ে আমরা যদি প্রচেষ্টা ত্যাগ না করি তাহলে যথাসময়ে আমরা ফল সংগ্রহ করবো।**

এই সময় অধ্যবসায় অত্যন্ত অপরিহার্য। আমাদের প্রচেষ্টা ত্যাগ করার বিষয় মনে হতে পারে; আমাদের এটি আত্মিক শুষ্ক সময় মনে হতে পারে-কিন্তু বিশ্বাসে এগিয়ে যাওয়ার বিষয়টি প্রকৃত আত্মিক পরিপক্বতা প্রকাশ করে। আমাদের আত্মিক পূর্বপুরুষরা এই বিষয়ে উত্তম আদর্শ দেখিয়ে গেছেন।

আমার মনে আছে যখন আমার বাবা আমাদের মণ্ডলীটি শুরু করেছিলেন -প্রথমে, কেবল আমি এবং আমার মা তাঁর পাশে ছিলাম। যখন আমার মা প্রসবকালীন ছুটিতে ছিলেন, তখন কেবল আমরা দুজন ছিলাম। একের পর এক রবিবার, আমার বাবা এমনভাবে প্রচার করতেন যেন মনে হতো তিনি হাজার হাজার লোকের কাছে প্রচার করছেন, তিনি সর্বদা বেদিতে আহ্বান করতেন। আমি খুব ছোট ছিলাম, কিন্তু আমি আমার হাত তুলতাম এবং প্রত্যেক সপ্তাহে তাঁর আহ্বানে সাড়া দিতাম।

একের পর এক দিন, একের পর এক মাস অতিবাহিত হয়েছিল। কোনও দৃশ্যমান ফল দেখা যায়নি। তথাপি, আমার বাবা প্রচেষ্টা ত্যাগ করেননি। তিনি বিশ্বস্তভাবে চালিয়ে গিয়েছিলেন, বিশ্বাসের চোখে দেখেছিলেন।

ঈশ্বরের প্রশংসা হোক - অবশেষে, প্রভু আমাদের মণ্ডলীকে আশীর্বাদ করেছিলেন। তিনি কেবল বৃদ্ধিই

(ক্রমশঃ, ৯ পাতায়)


# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য), ঈশতত্বে ডিপ্লোমা

আন্তজার্তিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Telugu Service : 4.00 p.m. Sunday**
19. **Hindi Service : 5.00 p.m. Sunday**
20. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.30 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

***বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।***

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ

# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## "...যে আমার সেবা করবে, আমার পিতা তাকে সমাদর করবেন" – যোহন ১২: ২৬

বিভিন্ন সময়ে ঈশ্বর আমার মাধ্যমে মহান মহান বিষয় সম্পাদন করেছিলেন। আমাদের প্রধান মণ্ডলীতে এবং বাইরের বিভিন্ন স্থানে আমার পরিচর্যা কাজে বিভিন্ন চিহ্নকার্য এবং আশ্চর্য কাজ সম্পাদন করার দ্বারা ঈশ্বর আমাকে সম্মানিত করেছিলেন। এই পরিচর্যার সৌরভ পৃথিবীর বিভিন্ন অংশে সম্প্রসারিত হয়েছে। ঈশ্বরের নাম গৌরবান্বিত হোক।

একবার আমি অস্ট্রেলিয়ার সিডনী, মেলবোর্ণ এবং ব্রিসবেনে পরিচর্যা করছিলাম, অসংখ্য লোক ঈশ্বরের স্পর্শ লাভ করেছিলেন।

একদিন এক অস্ট্রেলিয়ান দম্পতি আমার সঙ্গে সাক্ষাৎ করার জন্য আমার ঘরে এসেছিলেন যেখানে আমি থাকতাম। তারা আমার কাছে ক্রন্দন করে বলেছিলেন যে তাদের ১৩ বছরের দাম্পত্য জীবন হলেও তাদের কোনও সন্তান নেই। তারা আমাকে আরও বলেছিলেন যে তারা শান্তিপূর্ণভাবে বিবাহবিচ্ছেদের জন্য আবেদন করতে যাচ্ছেন। তারা আমাকে এর জন্য প্রার্থনা করতে বলেছিলেন (তাদের দেশে বিবাহ বিচ্ছেদের বিষয়টি একটি সাধারণ বিষয় ছিল)।

আমি খুব কষ্ট পেয়েছিলাম। তাই আমি তাদের বলেছিলাম যে ঈশ্বর যেন তাদের একটি সন্তান দেন তার জন্য আমি কি প্রার্থনা করতে পারি। তারা হেসেছিলেন এবং বলেছিলেন যে তারা অনেক বিখ্যাত ডাক্তারদের সঙ্গে পরামর্শ করেছেন এবং তারা কিছুই করতে পারেননি। তারা প্রশ্ন করেছিলেন "কীভাবে প্রার্থনা একটি সন্তান আনতে পারে? সুতরাং আমি তাদের সঙ্গে বসেছিলাম এবং তাদেরকে বিশ্বাস সম্পর্কে, এর ফল সম্পর্কে এবং ঈশ্বরের শক্তি সম্পর্কে উপদেশ দিয়েছিলাম। পরে আমি তাদের জন্য আন্তরিকভাবে প্রার্থনা করেছিলাম।

ঈশ্বরের প্রশংসা হোক, প্রায় দুমাস পর আমি অস্ট্রেলিয়া ছেড়ে ভারতের উদ্দেশে যাত্রা করেছিলাম। আমি যখন এয়ারপোর্টে এসে পৌঁছেছিলাম, আমি দেখেছিলাম সেই দম্পতি একটা বড় ব্যাগে আমার জন্য উপহার নিয়ে এসেছিলেন। আমি অবাক হয়ে দেখেছিলাম তারা এয়ারপোর্টে দশ মিনিট উচ্চস্বরে কেঁদেছিলেন। সমগ্র জনতা ঐ দৃশ্য দেখছিল।

অবশেষে স্বামীটি বলেছিলেন যে তাঁর স্ত্রী গর্ভবতী হয়েছেন এবং আজই ডাক্তার তাদের এই বিষয় নিশ্চিত করেছেন। তারা খুব খুশী হয়েছিলেন এবং তারা আমার পরিচর্যার জন্য অনেক বস্ত্র এবং প্রয়োজনীয় জিনিসপত্র দিয়েছিলেন। ঈশ্বর তাদের একটি কন্যাসন্তান দিয়েছিলেন এবং পরে তাদের আরও দুটি পুত্রসন্তান দিয়েছিলেন এবং তাদের আশীর্বাদ করেছিলেন।

প্রিয় বন্ধু, ঈশ্বর আপনার জীবনেও একই অলৌকিক কাজ করতে পারেন। ঈশ্বরে বিশ্বাস করুন এবং বিশ্বাসে তাঁর কাছে যাচ্ঞা করুন। তিনি আপনার সমস্ত প্রয়োজন পূরণ করবেন।

প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট, আমি যাঁর বিষয় প্রচার করি তিনি এক নিঃসন্তান দম্পতিকে সন্তান দিতে সক্ষম, অসুস্থদের সুস্থ করতে পারেন এবং অন্যান্য আশীর্বাদ দান করতে পারেন। তিনি গতকাল, আজ এবং চিরকাল একই আছেন। ঈশ্বরের গৌরব হোক।

************

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

করেননি, কিন্তু আমরা ভারতের বিভিন্ন জায়গায় এবং অন্যান্য দেশেও শাখা মণ্ডলী স্থাপন করতে সক্ষম হয়েছিলাম।

সুতরাং, সামনে এগিয়ে চলতে থাকুন। প্রচেষ্টা ত্যাগ করবেন না। আজ আমরা বিশ্বাসে যা রোপন করবো তা ঈশ্বরের সিদ্ধ সময়ে ফল বহন করবে।

### (ঘ) স্থায়ী উত্তরাধিকার

ঈশ্বর আমাদের স্থায়ী উত্তরাধিকার রেখে যেতে বলেছেন - ঠিক যেমন মোশি, যিহোশূয়, দানিয়েল, পৌল, পিতর, ইষ্টের, যোয়েল, মরিয়াম, এবং আরও অনেকে করেছিলেন।

২ তীমথিয় ২:২ পদে, পৌল বংশপরম্পরায় আত্মিক বহুগুণ বৃদ্ধির বিষয় বলেছেন। আমরা বংশ পরম্পরা ঈশ্বরের সেবা করি, এবং তিনি আমাদের সেই ফল বহন করার আহ্বান করেছেন যা টিকে থাকে।

আমাদের সন্তানরা এবং আমাদের ভাবী প্রজন্ম আমাদের দেখতে সক্ষম হবে। বাবা ও মা হিসাবে ঈশ্বরের উত্তরাধিকার তাদের জন্য পশ্চাতে রেখে যাওয়ার দায়িত্ব আমাদের দেওয়া হয়েছে যাতে তারা তা অনুসরণ করতে পারে। আমি আমার ঠাকুমা এবং আমার বাবা ও মায়ের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ, যারা বিশ্বস্তভাবে আমাকে প্রভুর পথে পরিচালিত করেছিলেন। আমি তাদের দেখে এবং তাদের কথাগুলো শুনে অনেক কিছু শিখেছিলাম। তাদের রেখে যাওয়া উত্তরাধিকারের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

যোহন ১৫:১৬ পদ আমাদের স্মরণ করিয়ে দেয় যে যীশু খ্রীষ্ট আমাদের যাওয়ার জন্য এবং ফল বহন করার জন্য মনোনীত করেছেন - যে ফল টিকে থাকবে। ফলকে প্রকৃতভাবে যা স্থায়ী করে তা হচ্ছে অধ্যবসায় যা সমস্ত সময়ের মধ্যে বিদ্যমান।

## ৪। বাধা এবং চ্যালেঞ্জগুলি

আমরা সবাই চাই প্রভুতে বৃদ্ধি লাভ করতে এবং আমাদের বিশ্বাসে দৃঢ় হতে। যাইহোক, বেশ কিছু চ্যালেঞ্জ আছে যা আমাদের আত্মিক বৃদ্ধির পথে বাধা হয়।

### (ক) ব্যস্ততা

সবচেয়ে বড় বাধা হচ্ছে ব্যস্ততা। সময় রক্ষাকারী অসংখ্য যন্ত্র এবং প্রযুক্তি থাকা সত্ত্বেও, আমাদের জীবন ক্রমাগত অধিক ব্যতিব্যস্ত হয়ে পড়ছে। সময়ের

অত্যধিক বোঝাগুলি - কাজের দায়িত্ব, পরিবারের প্রতি অঙ্গীকারবদ্ধতা, এবং মণ্ডলীর কার্যকলাপে পরিপূর্ণ - প্রায়ই আত্মিক গভীর চিন্তা এবং বৃদ্ধির জন্য কমই সময় রাখে।

আমরা প্রায়ই লোকদের বলতে শুনি, “আমি ব্যস্ত, ব্যস্ত, ব্যস্ত” - এটা যেন আধুনিক বিশ্বের এক গুঞ্জনময় অবস্থা। আমি একবার একটি মজার সংক্ষিপ্ত রূপ পড়েছিলাম, তারপর থেকেই আমি “ব্যস্ত” শব্দটি বলা বন্ধ করে দিয়েছি। “ব্যস্ত” মানে বলা হয়েছে “শয়তানের জোয়ালের নিচে থাকা)। যদি আমাদের ক্যালেণ্ডার এতটাই পূর্ণ থাকে যে আমরা আর ঈশ্বরের সঙ্গে অন্তরঙ্গ সময় কাটাতে বা সহ বিশ্বাসীদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সহভাগিতা উপভোগ করতে না পারি, তাহলে আমাদের প্রার্থনাসহকারে আমাদের সময়সূচি পুনর্বিবেচনা করা প্রয়োজন। যীশু খ্রীষ্ট নিজেও প্রায়ই নির্জন স্থানে সরে যেতেন, যদিও তাঁর সময়ের ওপর অনেক দাবি ছিল (মার্ক ১:৩৫)। আমি আপনাকে উৎসাহিত করছি আপনার ক্যালেণ্ডারটি ভালোভাবে পর্যালোচনা করতে এবং ভাবতে, কোন কোন কার্যকলাপ বাদ দেওয়া যায় যেন আপনি তাঁর মধ্যে থাকতে পারেন।

## (খ) ডিজিটাল বিভ্রান্তি!

পরিসংখ্যান বলছে, গড়পড়তা একজন মানুষ প্রতিদিন ৩-৪ ঘণ্টা স্মার্টফোনেই ব্যয় করে। আর এটি সাধারণ জনগণের ক্ষেত্রেই সত্য— যদি আমরা তরুণ প্রজন্মের কথা বিবেচনা করি, তাহলে দেখা যায় তারা প্রায় সবসময়ই তাদের ডিভাইসে ডুবে থাকে। এমনকি যখন আমরা বাইবেল অ্যাপ ব্যবহার করে বাইবেল পড়ার চেষ্টা করি, তখনও নোটিফিকেশনের বারবার বিরতি আমাদের মনোযোগ গুরুতর বাধা সৃষ্টি করে। এই কারণে আমাদের সচেতনভাবে এবং ব্যবহারিক সীমা নির্ধারণ করতে হবে যাতে আমরা ঈশ্বরের সঙ্গে সময় কাটানোর জন্য নিজেদের রক্ষা করতে পারি।

## (গ) পাপের অভ্যাস!

অস্বীকার করা পাপ আমাদের সঙ্গে ঈশ্বরের সম্পর্কের মাঝে একটি দেয়াল তোলে। যিশাইয় ৫৯:২ পদে বলা হয়েছে, “**কিন্তু তোমাদের অপরাধগুলিই তোমাদের পৃথক করেছে তোমাদের ঈশ্বর থেকে...**”। দাউদও প্রার্থনা করেছিলেন, “**তোমার দাসকে ইচ্ছাকৃত পাপ থেকে দূরে রাখো; তা যেন আমার উপর শাসন না করে**” (গীত ১৯:১৩)।

আমাদের বিশেষভাবে সচেতন থাকতে হবে ইচ্ছাকৃত পাপের ব্যাপারে। প্রভুর কাছে প্রার্থনা করুন যেন তিনি আপনাকে এই পাপ চিনে তা অতিক্রম করার শক্তি ও অনুগ্রহ প্রদান করেন।

## (ঘ) আত্মিক ক্লান্তি!

আমরা যখন ঈশ্বরের সঙ্গে কম সময় কাটাই, তখন আমরা আত্মিক সম্পদগুলি হারিয়ে ফেলি। অনিবার্যভাবে এটা আমাদের হতাশা, তীব্র অসন্তোষ, এবং মানসিক অবসাদের দিকে চালিত করে। আমি প্রায়ই সেই সমস্ত লোকদের পর্যবেক্ষণ করি যারা এক সময় ঐকান্তিক আগ্রহের সঙ্গে এবং মানসিক শক্তির সঙ্গে দৌড়াতো এখন তারা অতিদ্রুত নিস্তেজ হয়ে গেছে এবং ক্লান্ত, অবসন্ন হয়ে গেছে।

সুস্থ ভারসাম্য বজায় রাখার বিষয়টি অত্যন্ত জরুরী। প্রভুর আনন্দ অবশ্যই আমাদের শক্তির মধ্যে থাকা উচিৎ। আমাদের অবশ্যই নিয়মিত তাঁর উপস্থিতির মধ্যে নিজেদের নতুন করে সক্রিয় করা প্রয়োজন, তাঁর কাছ থেকে নতুন শক্তি এবং দর্শন আহরণ করা প্রয়োজন।

আজ আপনাদের মধ্যে কেউ যদি দুশ্চিন্তা অনুভব করছেন, মনে রাখবেন যে যীশু খ্রীষ্ট আহ্বান করছেন: **“ওহে, তোমরা যারা পরিশ্রান্ত ও ভারাক্রান্ত, আমার কাছে এসো, আমি তোমাদের বিশ্রাম দেব”** (মথি ১১:২৮)।

প্রিয় ভাই এবং বোনেরা, ফল বহন করার জন্য ঈশ্বর আমাদের কীভাবে আহ্বান করেন সেই বিষয়টির উপব আমরা যখন ধ্যান করছি - এবং আমরা জানি যে এটা কেবল তখনই সম্ভব যখন আমরা তাঁর মধ্যে থাকি। তখন আমাদের গভীরভাবে চিন্তা করতে হবে কীভাবে আমরা তাঁর মধ্যে অবস্থান করবো এবং স্থায়ী ফল বহন করবো।

তাছাড়া, আমরা বাধাগুলোর সম্পর্কেও সচেতন আছি। আত্মা ইচ্ছুক বটে, কিন্তু মাংস দুর্বল।

আমি প্রার্থনা করি যে,আমরা যখন আমাদের হৃদয় পরীক্ষা করছি, তখন প্রভু আমাদের কাছে প্রকাশ করুন কোন কোন জায়গায় আমাদের বৃদ্ধি লাভ করা প্রয়োজন, যাতে আমরা তাঁর রাজ্যের জন্য আরও অধিক ফল বহন করতে পারি।

ঈশ্বর আমাদের স্বাধীন ইচ্ছা -স্বাধীনতার মূল্যবান উপহার দিয়েছেন। প্রশ্নটি হল: আমরা এটা নিয়ে কী করবো।

তাঁর গৌরবের জন্য এটি ব্যবহার করার বিষয়টি যেন আমরা বেছে নিই।

************


তার আহ্বানের প্রাতধ্বান
পরিচর্যসমূহ
উদ্বোধনী সম্মেলন

৫৭তম বর্ষ

ECHO OF HIS CALL 1969-2019
REACHING NATIONS

তারিখসমূহ:
শুক্রবার, ৮ই আগস্ট থেকে
রবিবার, ১০ই আগস্ট ,২০২৫
অনুগ্রহ করে প্রার্থনা করুন এবং অংশগ্রহণ করুন!

ECHO OF HIS CALL
Main Church at Chepauk,
Chennai - 600 005.

সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী
সহযোগী পালিকা



WANTED

1. COMPUTER OPERATORS (with typing knowledge)
2. ASSISTANT PRINTING PRESS OPERATORS

Contact: ECHO OF HIS CALL (+91) 98412 71858, E.mail : sam@echoofhiscall.org

NOTICE

Save our mobile numbers (+91) 98410 71858, (+91) 98412 71858 (main numbers) in your mobile phones.

- Editor

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**

**Please subscribe**

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা** **আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা**

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org


**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**


**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS Patrika Channel"**
**on 14th AUGUST 2025**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**


***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**